

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১৬৫—২৯ মার্চ ২০২০ তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২৯ মার্চ ২০২০ তারিখ বেলা ১:০০ টার পর হতে দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর সীমিত আকারে নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

- | | | |
|--------------------------------------|------------|-------------------------------|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) ইজিবাইক এবং স্থানীয় |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত |
| (৩) মাইক্রোবাস | (৭) ট্রাক | যানবাহন |
| (৪) জীপ | (৮) টেম্পো | |

০২। সেই সাথে ২৭ মার্চ ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ হতে ৩০ মার্চ ২০২০ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। ভোটগ্রহণের দিন বেলা ১:০০ টা পর্যন্ত চট্টগ্রাম মহানগরস্থ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থা খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফলে ভোটগ্রহণের দিন বিভিন্ন অফিস/প্রতিষ্ঠানে যাওয়া ও অফিস শেষে বাড়ীতে ফিরে আসা অথবা

(৫৭২৭)

মূল্য : টাকা ৪-০০

ভোটাধিকার প্রয়োগের সুবিধার্থে যান চলাচল স্বাভাবিক রাখা বা ভোটকেন্দ্রে যাওয়ার জন্য সীমিত আকারে বাস, মাইক্রোবাস, অফিসের জীপ, কার, স্টাফ বাস ইত্যাদি চলাচলের সুযোগ দিতে হবে, ক্ষেত্র বিশেষ নিষেধাজ্ঞা শিথিল করতে হবে।

০৪। যানবাহন চলাচলে এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৫। বর্ণিতবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৬। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৭। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।